

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৮৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্ )

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - অগ্রিম বিক্রয় করা এবং বন্ধক রাখা

بَابُ السَّلَم وَالرَّهْنِ

### আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَدِمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ وَهُمْ يُسْلِفُونَ فِي التَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ وَهُمْ يُسْلِفُونَ فِي التَّكُومِ التِّمَارِ السَّنَةَ وَالسَّنَتَيْنِ وَالتَّلَاثِ فَقَالَ: «مَنْ سلف فِي شَيْءٍ فَلْيُسْلِفْ فِي كَيْلٍ مَعْلُومٍ وَوَزْنٍ مَعْلُوم إِلَى أَجِل مَعْلُوم»

#### বাংলা

২৮৮৩-[১] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনায় পদার্পণ করলেন, তখন মদীনাবাসীগণ এক, দুই এবং তিন বছরের মেয়াদে বিভিন্ন রকমের ফল ক্রয়-বিক্রয় করতা। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, যে ব্যক্তি অগ্রিম ক্রয়-বিক্রয় করবে, অতঃপর তার উচিত অগ্রিম দেয়া নির্ধারিত পরিমাপে (ওয়নে) এবং নির্ধারিত মেয়াদ পর্যন্ত। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২২৩৯, মুসলিম ১৬০৪, আবূ দাউদ ৩৪৬৩, নাসায়ী ৪৬১৬, তিরমিয়ী ১৩১১, ইবনু মাজাহ ২২৮০, আহমাদ ১৯৩৭, ইরওয়া ১৩৭৬, সহীহ আল জামি' ৬০৩১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে এ মর্মে দলীল রয়েছে যে, অগ্রিম ক্রয়-বিক্রয় (অর্থাৎ পণ্য লেনদেন হবে মূল্য বিলম্বে পরিশোধের শর্তে) করা বৈধ তবে শর্ত হলো, ওযন পরিমাণ ও পরিমাণ নির্ধারিত হতে হবে। যদি কাপড় কেনা-বেচা হয়, তা নির্ধারিত থাকতে হবে। আর যদি লেনদেন সংখ্যার ভিত্তিতে হয় যেমন, প্রাণী; তবে এর সংখ্যা নির্ধারিত হতে হবে। পক্ষান্তরে কোনো বিষয়ে অজ্ঞাত বা কোনো ধরনের অস্পষ্টতা থাকলে ক্রয়-বিক্রয় বাতিল হয়ে যাবে। (শারহে মুসলিম ১১শ খন্ত, হাঃ ১৬০৪)



### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন